

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা-১০০০।  
www. bb.org.bd

সার্কুলার পত্র নং-এফইপিডি(আমদানি নীতি)১২৩/২০১৪-০২

০৫ ফাল্গুন, ১৪২০  
তারিখ : -----  
১৭ ফেব্রুয়ারি, ২০১৪

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত  
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের  
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

এস,আর,ও,নং-০৫-আইন/২০১৪/৬৯৪-মুসক, তারিখঃ ০৯/০১/২০১৪ প্রেরণ প্রসঙ্গে।

মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ (বিধি ৩১ক) এর সংশোধন বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারিকৃত ও বাংলাদেশ গেজেট এর অতিরিক্ত সংখ্যায় ০৯ জানুয়ারি, ২০১৪ তারিখে প্রকাশিত এস,আর,ও (নং-০৫/আইন/২০১৪/৬৯৪-মুসক) এর প্রতিলিপি আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্তিঃ বর্ণনানুযায়ী

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ জাহিরুল হক)  
উপ মহাব্যবস্থাপক  
ফোনঃ ৯৫১২৬০৪



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ৯, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা  
[ মূল্য সংযোজন কর ]  
প্রজ্ঞাপন

তারিখ, ২৬ পৌষ, ১৪২০ বঙ্গাব্দ/০৯ জানুয়ারি, ২০১৪ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ০৫-আইন/২০১৪/৬৯৪-মুসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত বিধিমালার বিধি ৩১ক এর—

(অ) উপ-বিধি (১) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (১ক) সন্নিবেশিত হইবে, যথা ঃ—

“(১ক) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, আন্তর্জাতিক দরপত্রের আওতায় বৈদেশিক মুদ্রার বিনিময়ে বাংলাদেশের অভ্যন্তরে কোন পণ্য সরবরাহ বা কোন সেবা প্রদত্ত হইলে উহা আইনের ধারা ৩ এর উপ-ধারা (২) (ক) এর অধীন রপ্তানিকৃত বলিয়া গণ্য হইবে।”;

(আ) উপ-বিধি (৪) এ উল্লিখিত “(২) ও (৩) এ বর্ণিত ক্ষেত্রে যথাক্রমে” সংখ্যাগুলি, শব্দগুলি, ও বন্ধনীগুলির পরিবর্তে “(১ক), (২) বা (৩) এ বর্ণিত ক্ষেত্রে, যেক্ষেত্রে যাহা প্রযোজ্য,” শব্দগুলি, সংখ্যাগুলি, কমাগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(ই) শেষাংশে ব্যাখ্যা তে উল্লিখিত “স্থানীয় বা আন্তর্জাতিক দরপত্র” শব্দগুলি ও চিহ্নগুলির পর “বা আন্তর্জাতিক দরপত্র” শব্দগুলি ও চিহ্নগুলি সন্নিবেশিত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ শওকাত হোসেন  
প্রথম সচিব (মুসক নীতি)।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

( ২৩৭ )

মূল্য ঃ টাকা ৪.০০